

শিষ্যত্বের বিকাশ

অপরিহার্য শিক্ষা ঈশ্বরের সঙ্গে আমাদের সম্পর্ক পাঠ ৪: ঈশ্বরের অনুপম গুণাবলী

আমাদের পরাক্রমী ঈশ্বরের সঙ্গে তুলনায় আমরা ধূলিমাত্র হলেও তিনি আমাদের সঙ্গে সম্পর্ক স্থাপন করতে চান। অন্যান্য ধর্মে যেখানে ঈশ্বরের গভীরতা নির্ণয় করা অসাধ্য ও যেখানে অনুগামীদের শিক্ষা দেওয়া হয় যে, নগণ্য নশ্বর মানুষের পক্ষে ঈশ্বরকে জানা সম্ভব নয়, সেখানে আমাদের ঈশ্বর আমাদের কাছে নিজেকে প্রকাশ করে গর্বিত হন। ঈশ্বর যেহেতু আমাদের সমস্ত চিন্তা ভাবনাগুলি জানেন ও আমাদের গোপন স্থানগুলি দেখতে পান, সেইহেতু আমাদের এমন একটি পথে জীবন যাপন করা উচিত যা ঈশ্বরকে সন্তুষ্ট করে ও আমাদের মন প্রাণ দিয়ে তাঁর সেবা করা উচিত। আরও অধিক জানার জন্য পাঠ করুন।

বাইবেল প্রকাশ করে ঈশ্বর হলেন সর্বত্র বিরাজমান (সর্বত্র উপস্থিত থাকেন), সর্বশক্তিমান (সমস্ত ক্ষমতার অধিকারী), এবং সর্বজ্ঞ (সমস্ত কিছু জানেন), তথাপি তিনি আমাদের নিঃশর্ত ভাবে প্রেম করেন ও অত্যন্ত আগ্রহের সঙ্গে আমাদের জন্য চিন্তা করেন। এই পাঠটি ঈশ্বরের সঙ্গে পরিচিত হওয়ার পথে আর এক ধাপ অগ্রসর হবে।

আমাদের মধ্যে অনেকের কাছেই ঈশ্বরের এই গুণগুলি সম্ভ্রম সৃষ্টিকারী হওয়া অপেক্ষা অধিক ভীতি প্রদর্শনকারী বলে মনে হয়। আমরা প্রায়ই ভুলে যাই যে, এই মহান ঈশ্বর আমাদের বন্ধু বলে অভিহিত করেন ও তিনি আমাদের সঙ্গে ব্যক্তিগত সম্পর্ক স্থাপন করতে চান।

আপনি ঈশ্বরের কাছ থেকে পলায়ন করতে পারবেন না। ঈশ্বর আপনাকে পর্যবেক্ষণ করছেন না ও আপনার জন্য অপেক্ষা করছেন না বলে আপনি ঈশ্বরকে ব্যর্থ করে তাঁর উপস্থিতি থেকে পলায়ন করতে পারবেন না। তিনি আপনার বিষয়ে এত চিন্তা করেন যে, তিনি আপনাকে তাঁর দৃষ্টির অন্তরালে যেতে দেবেন না এমনকি আপনি তাঁকে অনুসরণ করতে ব্যর্থ হলেও তিনি আপনার হৃদয় অনুসরণ করেন।

কোনও একজন ব্যক্তি যিনি জানেন না ঈশ্বর কেমন ছিলেন, তাঁর কাছে আপনি কিভাবে ঈশ্বরকে বর্ণনা করবেন? আমাদের মধ্যে অধিকাংশ খ্রীষ্টানই এই শিক্ষার মধ্যে বড় হয়েছেন যে, ঈশ্বর হলেন সর্বত্র বিরাজমান (সর্বত্র উপস্থিত থাকেন), সর্বশক্তিমান (সমস্ত ক্ষমতার অধিকারী) এবং সর্বজ্ঞ (সব কিছু জানেন)। বাস্তবিক, আমাদের অনেকের কাছেই, ঈশ্বরের এই গুণগুলি সম্ভ্রম সৃষ্টিকারী হওয়া অপেক্ষা অধিক ভীতি প্রদর্শনকারী বলে মনে হয়। আমরা প্রায়ই ভুলে যাই যে, এই মহান ঈশ্বর আমাদের বন্ধু বলে অভিহিত করেন এবং তিনি আমাদের সঙ্গে ব্যক্তিগত সম্পর্ক স্থাপন করতে চান। অন্যান্য ধর্মের মধ্যে যেখানে দেবতাগণ মানবজাতির বোধগম্যতার উর্দে বলে চিন্তা করা হয় এবং তারা এত ক্ষমতামাণী যে, মানুষ তাদের জানতে পারে না, সেখানে তাদের সঙ্গে অসদৃশভাবে, বাইবেলের ঈশ্বর আমাদের কাছে নিজেকে স্পষ্টভাবে প্রকাশ করেছেন। তিনি নিজেকে অব্রাহামের, ইসহাকের ও যাকোবের ঈশ্বররূপে – আপনার ও আমার ঈশ্বর রূপে উল্লেখ করেছেন।

আমাদের ঈশ্বর হচ্ছেন একজন ব্যক্তি। তিনি যুক্তিপূর্ণভাবে চিন্তা করতে পারেন ও অত্যন্ত আবেগ অনুভব করেন। তিনি আমাদের ভেতরে ও বাইরে জানেন: মোটের উপর তিনি আমাদের সৃষ্টি করেছিলেন। তিনি কেবল এমন এক ঈশ্বর নন যিনি নিজের কার্যসিদ্ধির জন্য সমস্ত ক্ষমতার অধিকারী কিন্তু তিনি একজন ব্যক্তিগত ঈশ্বর যিনি আমাদের নিঃশর্তভাবে ভালোবাসেন ও আমাদের জন্য চিন্তা করেন, আমরা যে অবস্থাতেই থাকি না কেন। এই কারণেই তিনি সর্বত্র বিরাজমান। ১৩৯ গীতের ৭-১০ পদে এই কথা বলে দায়ুদ ঈশ্বরের প্রশংসা করেছেন, ‘আমি তোমার আত্মা হইতে কোথায় যাইব? তোমার সাক্ষাৎ হইতে কোথায় পলাইব? যদি স্বর্গে গিয়া উঠি, সেখানে তুমি, যদি পাতালে শয়্যা পাতি, দেখ, সেখানে তুমি। যদি অরুণের পক্ষ অবলম্বন করি, যদি সমুদ্রের পরপাল্লো বাস করি, সেখানেও তোমার হস্ত আমাকে চালাইবে, তোমার দক্ষিণ হস্ত আমাকে ধরিবে।’

সরলভাবে বলা যায়, আপনি ঈশ্বরের কাছে থেকে পলায়ন করতে পারবেন না। ঈশ্বর আপনাকে পর্যবেক্ষণ করছেন না ও আপনার জন্য অপেক্ষা করছেন না বলে আপনি ঈশ্বরকে ব্যর্থ করে তাঁর উপস্থিতি থেকে পলায়ন করতে পারবেন না। তিনি আপনার বিষয়ে এত চিন্তা করেন যে, তিনি আপনাকে তাঁর দৃষ্টির অন্তরালে যেতে দেবেন না এমনকি আপনি তাঁকে অনুসরণ করতে ব্যর্থ হলেও তিনি আপনার হৃদয় অনুসরণ করেন। এটি সাঙ্কনার বিষয় হওয়া উচিত হলেও এটি একটি গাঙ্ঘীর্য়পূর্ণ চিন্তার বিষয় যে, ঈশ্বর আমাদের হৃদয়ের গভীরতম গোপন বিষয়গুলি জানেন এবং আমাদের সমস্ত পাপের বিষয়গুলিও জানেন।

এছাড়াও ঈশ্বর হচ্ছেন সর্বশক্তিমান যার অর্থ হচ্ছে তিনি এত পরাক্রমী যে, তিনি যে কোন কাজ করতে পারেন। কেবল তাঁর মুখ নিঃসৃত বাক্য দ্বারা এই বিশ্ব জগৎ অস্তিত্ব লাভ করেছিল। আদিপুস্তকে আমাদের বলা হয়েছে যে, ঈশ্বর ছয় দিনে এই বিশ্ব নিখিল সৃষ্টি করেছিলেন ও এই একই ঈশ্বর তাঁর সঙ্গে তুলনায় ধূলিকণামাত্র আমাদের মত নগণ্য নশ্বর মানুষের বিষয় এত

চিন্তা করেন! আমরা আজ আছি আগামীকাল শেষ হয়ে যাব কিন্তু ঈশ্বর অসীম তিনি হচ্ছেন আদি ও অন্ত । জগৎ পত্তনের পূর্বে তিনি ছিলেন এমনকি কবরও তাঁকে ধরে রাখতে পারেনি । আমাদের ঈশ্বর এত বিস্ময়ে বিহ্বলকারী!

এমনকি তিনি সবকিছু জানেন । ঈশ্বর যেহেতু, সর্বশক্তি সেইহেতু আমাদের সম্পর্কে এমন কোনও বিষয় নেই যা তিনি জানেন না, এমন আপনার যে গোপন চিন্তাগুলি সম্পর্কে আপনি সচেতন আছেন, সেই বিষয়গুলিও তিনি জানেন । রাজা দায়ূদ মৃত্যুর পূর্বে তাঁর পুত্র শলোমনকে যে উপদেশ দিয়ে গিয়েছিলেন সেই উপদেশটি আমাদেরও অনুসরণ করা উচিত । ১ বংশাবলি ২৮:৯ পদে বলা হয়েছে, ‘আর হে আমার পুত্র শলোমন, তুমি আপন পিতার ঈশ্বরকে স্তোত হও এবং একাগ্র অন্তঃকরণে ও ইচ্ছুক মনে তাঁহার সেবা কর; কেননা সদাপ্রভু সমস্ত অন্তঃকরণের অনুসন্ধান করেন, ও চিন্তার সমস্ত কল্পনা বুঝেন ।’ দায়ূদ চেয়েছিলেন তাঁর পুত্রের সঙ্গে যেন ঈশ্বরের সম্পর্ক থাকে ও তিনি যেন তাঁর সমস্ত অন্তর দিয়ে তাঁর সেবা করেন কারণ আমাদের অন্তরে যা আছে তা তিনি সঠিকভাবে জানেন ।

আপনি জিজ্ঞাসা করতে পারেন কিভাবে আমি আমার সমস্ত অন্তঃকরণ দিয়ে ঈশ্বরের সেবা করতে পারি? আপনার জীবনের প্রত্যেক দিক থেকে আপনি ঈশ্বরকে সন্তুষ্ট করছেন কি না সেই বিষয়ে নিশ্চিত হওয়ার দ্বারা এটি শুরু হয় । আপনার চিন্তাধারাগুলির বিষয়ে আপনার সাবধান হওয়া প্রয়োজন ও যে চিন্তাগুলি ঈশ্বরকে সম্মানিত করে না সেই চিন্তাগুলিকে বন্ধ করা প্রয়োজন । সারাদিন আপনি মনে মনে ঈশ্বরের প্রশংসা করতে পারেন । লোকদের অনুমোদন লাভের জন্য আমরা কোনও ভালো কিছু করার ভান করতে পারি ও ঈশ্বরের গৌরব না করতে পারি কিন্তু ঈশ্বর আমাদের মানসিক অভিপ্রায় ও চিন্তাগুলি জানেন । আমরা প্রকৃতরূপে তাঁর সেবা করছি কি না অথবা আমরা কেবল তাঁর সেবা করার ভণিতা করছি কি না তাও তিনি জানেন । ঈশ্বর ভণিতা ও প্রতারণা ঘৃণা করেন এই কারণেই যীশু তাঁর সময়ে কখনও ফরীশীদের সঙ্গে সদয়ভাবে কথা বলেননি । তিনি তাদের চুনকাম করা কবর নামে অভিহিত করেছিলেন যা বাইরে থেকে ভালো দেখায়, কিন্তু ভেতরে নোংরায় পরিপূর্ণ ।

খ্রীষ্টের অনুগামী হিসাবে এবং সর্বশক্তিমান ঈশ্বরের দাস হিসাবে আমাদের অবশ্যই সমস্ত পথে সৎ হতে হবে ও আমাদের মধ্যে যা আছে সেই সমস্ত বিষয় দিয়ে ঈশ্বরের সেবা করতে হবে । আমাদের সমস্ত দুর্বলতা সত্ত্বেও যিনি আমাদের ভালোবাসেন যিনি আমাদের সমস্ত পাপের জন্য তাঁর পুত্রকে মৃত্যুবরণ করতে প্রেরণ করেছিলেন ও যিনি আমাদের এক চিরস্থায়ী জীবন দান করার এবং আরও অধিক বিষয় দান করার প্রতিজ্ঞা করেছেন তাঁর জন্য আমরা অন্ততঃ এইটুকু করতে পারি ।

রাজা দায়ূদ মৃত্যুর পূর্বে তাঁর পুত্র শলোমনকে যে উপদেশ দিয়ে গিয়েছিলেন সেই উপদেশটি আমাদেরও অনুসরণ করা উচিত । ১ বংশাবলি ২৮:৯ পদে বলা হয়েছে, ‘আর হে আমার পুত্র শলোমন, তুমি আপন পিতার ঈশ্বরকে স্তোত হও এবং একাগ্র অন্তঃকরণে ও ইচ্ছুক মনে তাঁহার সেবা কর; কেননা সদাপ্রভু সমস্ত অন্তঃকরণের অনুসন্ধান করেন, ও চিন্তার সমস্ত কল্পনা বুঝেন ।’

পুনর্বিবেচনা

- আমাদের ঈশ্বর হচ্ছেন একজন ব্যক্তিগত ঈশ্বর যিনি আমাদের সঙ্গে সম্পর্ক স্থাপন করেন। তিনি একটি অপরিচিত শক্তি নন কিন্তু তিনি ঈশ্বর যিনি আমাদের সঙ্গে সংযোগ স্থাপন করতে ও একটি সম্পর্ক স্থাপন করতে চান।
- আমাদের ঈশ্বর সর্বত্র বিরাজমান যার অর্থ হচ্ছে তিনি সর্বত্র উপস্থিত থাকেন এবং তিনি কোন একটি স্থানে আবদ্ধ হয়ে থাকেন না।
- আমাদের ঈশ্বর হচ্ছেন সর্বশক্তিমান যার অর্থ হচ্ছে তিনি পরাক্রমী এবং এমন কোন কাজ নেই যা তিনি করতে পারেন না। তিনি স্বয়ং অসীম? আমাদের জন্য এটি কত সম্মানের বিষয় যে, তাঁর মত সর্বক্ষমতামণ্ডলী ঈশ্বর তাঁর সৃষ্ট আমাদের তাঁর সঙ্গে একটি সম্পর্কের মধ্যে অভ্যর্থনা জানাচ্ছেন।
- আমাদের ঈশ্বর হচ্ছেন সর্বশক্তি তিনি সবকিছু জানেন। তিনি আমাদের মধ্যস্থ গভীরতম, অন্ধকারতম চিন্তাগুলিও জানেন ও তিনি আমাদের কাজগুলি অপেক্ষা আমাদের অভিপ্রায়গুলি অধিকরূপে পর্যবেক্ষণ করেন। সুতরাং আমরা যখন তাঁর সেবা করি তখন আমাদের সর্বান্তকরণে তাঁর সেবা করা উচিত।

আপনার মতামত

- ঈশ্বরকে সর্বত্র বিরাজমান, সর্বশক্তিমান এবং সর্বশক্তিরূপে গ্ৰহণ হওয়ার বিষয়টি কিভাবে আপনার জীবনকে পরিবর্তিত করতে পারে যাতে আপনার জীবন তাঁর কাছে আরও অধিক সন্তোষজনক হয়?
- দায়ূদ যেমন তাঁর পুত্র শলোমনকে উপদেশ দিয়েছিলেন সেই অনুসারে কিভাবে আপনি ব্যবহারিকভাবে সর্বান্তকরণে ঈশ্বরের সেবা করতে পারেন?
- ঈশ্বর যে আমাদের ভালোবাসেন ও আমাদের সঙ্গে একটি সম্পর্ক স্থাপন করতে চান সেই বিষয়ে আশ্বস্ত করার জন্য আপনি কিভাবে আপনার অন্যধর্মে বিশ্বাসী এক বন্ধুর কাছে ঈশ্বরের উপরোক্ত গুণগুলির সহভাগিতা করতে পারেন?

বাইবেলের পদগুলি বাংলা পবিত্র
বাইবেল (কেরী সংকলন) থেকে
নেওয়া হয়েছে। কপিরাইট © দ্য
বাইবেল সোসাইটি অফ ইন্ডিয়া,
২০৬ মহাত্মা গান্ধী রোড,
ব্যাঙ্গালোর - ৫৬০ ০০১।

এই সকল বিষয়বস্তু জগতের
মানুষের কাছে প্রভু যীশু খ্রীষ্টের
সুসমাচার প্রচারের উদ্দেশ্যে
বিনামূল্যে যতদিন খুশি ব্যবহার
করতে পারেন। সকল
বিষয়বস্তুগুলির কপিরাইট
©2019 Trans World Radio Canada
-র অধীনস্থ। লাইসেন্সের বিষয়ে
অধিক জানার জন্য দেখুন
www.discipleshipessentials.org/licensing